গাছ লাগান ! পরিবেশ বাঁচান !!

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# ৬নং সন্তোষপুর ইউনিয়ন পরিষদ কার্যালয়

ডাকঘর ঃ বোর্ডেরহাট, উপজেলা ঃ নাগেশ্বরী, জেলা ঃ কুড়িগ্রাম।

স্মারক নং ঃ সন্তোষপুরঃইউপি/নাগ/কুড়ি/২০২৩- ৫৬২ তারিখ ঃ ২৩-০৯-২০২৩খ্রিঃ

সভার নাম ঃ ইউনিয়ন পরিষদের সাধারণ সভা, সন্তোষপুর ইউনিয়ন পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।

সভাপতি ঃ জনাব মোঃ লিয়াকত আলী (লাকু), চেয়ারম্যান, ৬নং সন্তোষপুর ইউনিয়ন পরিষদ।

সভার তারিখ ঃ ২৩-০৯-২০২৩ খ্রিঃ

সভার সময় ঃ সকাল-১১ ঘটিকা।

সভার স্থান ঃ ইউনিয়ন পরিষদ সভা কক্ষ।

উপস্থিত সদস্যদের নাম ঃ হাজিরা খাতায় রক্ষিত আছে।

সভার আলোচ্য বিষয় ঃ-

১। গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন।

২। ২০২৩-২৪ অর্থ বছরের ১ম পর্যায়ের গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা নগদ অর্থ, গম ও চাল) কর্মসূচীর আওতায় প্রাপ্ত ৬,৭০,০০০/-৩.২০০ মেঃটন ও ৩.২০০ মেঃ টন খাদ্যশস্য ব্যয়ের নিমিত্তে প্রকল্প গ্রহন, প্রঃ বাঃ কঃ গঠন প্রসংগে।

৩। ২০২৩-২৪ অর্থ বছরের ১ম পর্যায়ের গ্রামীণ অবকাঠামো রক্ষণা-বেক্ষণ (টিআরা) কর্মসূচীর আওতায় প্রাপ্ত ৪,৬১,০০০/- টাকা ব্যয়ের নিমিত্তে প্রকল্প গ্রহন, প্রঃ বাঃ কঃ গঠন প্রসংগে।

৫। বিবিধ।

অদ্যকার সভায় সম্মানীত ইউপি চেয়ারম্যান জনাব মোঃ লিয়াকত আলী (লাকু) উপস্থিত সভ্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন।

## আলোচনা ও সিদ্ধান্তঃ

আলোচ্য বিষয় ঃ (১) ১নং আলোচ্য সূচী মোতাবেক সচিব বিগত সভার কার্যবিবরনী পাঠ করে শোনান। এ বিষয়ে কাহারো কোন প্রকার আপত্তি না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়করন করা হয়।

আলোচ্য বিষয়ঃ (২) ২নং আলোচ্য সূচীর উপর ভিত্তি করে সম্মানীত সভাপতি সাহেব সভায় জানান যে, চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরের ১ম পর্যায়ের গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা নগদ অর্থ, গম ও চাল) কর্মসূচীর আওতায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম মহোদয়ের কার্যালয়ের পত্র নং ৫১.০১.৪৯৬১.০০০.৪১.০০৯.২৩- তারিখঃ ২০-০৯-২০২৩ খ্রিঃ মোতাবেক অত্র ৬নং সন্তোষপুর ইউনিয়নের অনুকূলে ৬,৭০,০০০/- টাকা,৩.২০০ মেঃ টন গম ও ৩.২০০ মেঃ টন চাল বরাদ্দ পাওয়া গিয়াছে। উক্ত প্রাপ্ত খাদ্যশস্য এবং নগদ টাকা ব্যয়ের নিমিত্তে প্রকল্প গ্রহণ, প্রঃ বাঃ কঃ গঠন পূর্বক উর্দ্ধতন কর্তৃপক্ষের দপ্তরে প্রেরণ করা আবশ্যক। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সর্ব সম্মতিক্রমে নিম্নোক্তভাবে প্রকল্প গ্রহণ, প্রঃ বাঃ কঃ গঠণ করার সিদ্ধান্ত গৃহিত হইল।

| ক্রঃ নং | প্রকল্পের নাম | ওয়ার্ড | বরাদ্দ |
|---|---|---|---|
| ০১ | সন্তোষপুর কাঠাল বাড়ী বাহাদুর মেম্বারের বাড়ী হতে মিজানুরের বাড়ী পয়ন্ত রাস্তা সংস্কার। | ২ | ৩.২০০ মেঃ টন (চাল) |
| ০২ | ধনীগাগলা মজিদুলের বাড়ী হতে জালাল মেম্বারের বাড়ী পয়ন্ত রাস্তা সংস্কার। | ৭ | ৩.২০০ মেঃ টন (গম) |
| ০৩ | নিলুরখামার নয়ন ব্যাপারীর বাড়ী হতে জসিটারী খলিল কবিরাজের বাড়ী পয়ন্ত রাস্তা সংস্কার। | ৪ | ২,১০,০০০/- |
| ০৪ | গোপালপুর নাপিতটারী এনামুল মেম্বারের বাড়ী হতে বারাইটারী আশরাফের বাড়ী পয়ন্ত রাস্তা সংস্কার। | ৬ | ২,৩০,০০০/- |
| ০৫ | ধনীগাগলা হিরারকুটি মহুবরের বাড়ী হতে বাতেন মাষ্টারের বাড়ী পয়ন্ত রাস্তাসংস্কার। | ৮ | ২,৩০,০০০/- |

Md. Liyakat Ali
Chairman
06 No Santoshpur Union Parishad
Nageswari, Kurigram